

তিন স্থানে শিক্ষক কর্মচারীদের ঈদ আনন্দ নেই

■ সমকাল ডেস্ক

নড়াইলের কালিয়া, পিরোজপুরের জিয়ানগর ও নোয়াখালীতে বয়স্কভাতা শিক্ষক-কর্মচারী ও কমিউনিটি ক্লিনিকের কর্মীরা ঈদ আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন বলে জানা গেছে। প্রতিনিধিদের পাঠানো খবর :

কালিয়া (নড়াইল) : ব্যাংক কর্তৃপক্ষের অবহেলার কারণে কালিয়ায় ৯০০ বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী পরিবার ঈদের আনন্দ থেকে বঞ্চিত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। ওই ঘটনায় এলাকাবাসীসহ ভুক্তভোগীরা সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষকে দায়ী করেছেন।

উপজেলার অগ্রণী ব্যাংক কল্যাণাডিয়া শাখা থেকে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী মিলে ৯০০ লোক ভাতার টাকা উত্তোলন করে থাকেন। ঈদ উপলক্ষে সরকার ওই সব ভাতা দেওয়ার নির্দেশ দেওয়ায় উপজেলা সোশালী ব্যাংক কালিয়া শাখাসহ বিভিন্ন ব্যাংক ওই সব ভাতা প্রদান করলেও অগ্রণী ব্যাংক কল্যাণাডিয়া শাখা ওই ভাতার টাকা না দেওয়ায় এসব পরিবার ঈদ আনন্দ থেকে বঞ্চিত হতে চলেছে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা অসিত কুমার সাহা বলেছেন, তিনি-কয়েকদিন আগেই ভাতা পরিশোধের জন্য ব্যাংকগুলোতে তালিকা পুঠিয়েছেন। অগ্রণী ব্যাংক কল্যাণাডিয়া শাখার ম্যানেজার সঞ্জয় কুমার নাথ বলেছেন, ওই সব ভাতা পরিশোধের ফাভ না পাওয়ায় তিনি ভাতা পরিশোধ করতে পারছেন না।

জিয়ানগর (পিরোজপুর) : নন-এমপিওভুক্ত শতাধিক শিক্ষক-কর্মচারী বেতন-ভাতা না পাওয়ায় তাঁদের ঈদের আনন্দ ম্লান। ঈদের আগে সবাই বেতন-বোনাস পেলেও তারা কিছু না পাওয়ায় এদের মনে নেই কোনো আনন্দ। ৭টি নন-এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বিজিএস দাখিল মাদ্রাসা, রাজিয়া রশিদ দাখিল মাদ্রাসা, ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ডোকেশনাল শাখা, কেসি টেকনিক্যাল কলেজের সাধারণ শাখাসহ ৭টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা ১০ বছর ধরে বিনা বেতনে ক্লাস করলেও তাদের এমপিওভুক্তি না হওয়ায় বেতন-ভাতা পাচ্ছেন না। বিজিএস দাখিল মাদ্রাসার শিক্ষিকা নিগার সুলতানা জানান, ১০ বছর ধরে বিনা বেতনে শ্রম দিলেও সরকার এমপিওভুক্তি না করায় কোনো বেতন-ভাতা পাচ্ছি না।

নোয়াখালী : অনিয়মিত বেতন ও ঈদের আগে উৎসব বোনাস না পেয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন নোয়াখালীর ৯ উপজেলা ২৬৮ জন কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যকর্মী (সিএইচসিপি)।

স্বাস্থ্যকর্মীরা জানান, তাদের একদিকে চাকরি হারানোর ভয়, অন্যদিকে অনিয়মিত বেতন পাওয়ার কারণে সব সময় দুষ্চিন্তায় থাকতে হয়।